

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর  
কলাপাড়া, পটুয়াখালী।

উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, কলাপাড়া, পটুয়াখালী এর ২০২১-২০২২ অর্থ বছরের ১ম কোয়ার্টারের  
সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশ গ্রহনের সভার কার্য বিবরণী:

সভাপতি: ডা: মো: হাবিবুর রহমান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কলাপাড়া, পটুয়াখালী।

তারিখ: ৩/৯/২০২১ খ্রি:

সময়: সকাল ১০.০০ ঘটিকা

স্থান: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট “ক” দেখানো হল।

সভার শুরুতেই সভাপতি মহোদয় ডা: মো: হাবিবুর রহমান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কলাপাড়া, পটুয়াখালী সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় সভাপতি মহোদয় বলেন যে, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে সেবা প্রদানকারী ও সেবা গ্রাহীতাদের মধ্যে গভীর সম্পর্ক স্থাপন জরুরী। এ বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দ বিস্তারিত আলোচনা করেন। সভায় আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে প্রদত্ত হল:

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	১. খামারীদের যে সকল সমস্যা মোবাইল এর মাধ্যমে দেয়া সম্ভব সে সকল সমস্যা সমাধানের বিষয় অত্যন্ত যত্নশীল, আন্তরিক ও সতর্কতা সাথে পরামর্শ প্রদানের মতামত গ্রহন করা হয়।	১. যে কোন খামারী তাদের প্রাণি অসুস্থ অথবা যে কোন সমস্যা হলে যথা সময়ে সঠিক পরামর্শ প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এবং কমিটির অন্যান্য সদস্য বৃন্দ
২.	২. খামারীদের প্রাণিকে সঠিক সময় টিকা প্রদান, সঠিক সময় কৃত্রিম প্রজনন সেবা প্রদান এবং স্বাস্থ্যের পরিবেশে প্রাণি লালন পালনের বিষয় সভায় মতামত গ্রহন করা হয়।	২. সকল খামারীদের প্রাণিকে সঠিক সময় টিকা প্রদান, কৃত্রিম প্রজনন সেবা প্রদান এবং স্বাস্থ্যে সম্মতভাবে প্রাণি পালনের পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এবং কমিটির অন্যান্য সদস্য বৃন্দ
৩.	৩. প্রতি ৩মাস অন্তর অন্তর অংশীজনের অংশ গ্রহনে সভা অনুষ্ঠিত হওয়ার মতামত গ্রহন করা হয়।	৩. প্রতি ৩মাস অন্তর অন্তর অংশীজনের অংশ গ্রহনে সভা অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত গ্রহীত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এবং কমিটির অন্যান্য সদস্য বৃন্দ